দৈনিক সংবাদ

২৬৫

তারিখ ... SEP. 1 0 1999

পৃষ্ঠা ৬ কলাম ৭ ......

# 'ক্যাম্পাসে অস্থিরতার মূল কারণ ছাত্র রাজনীতি'

(নিজস্ব বার্তা পরিবেশক)

শিক্ষা প্রতিষ্ঠানগুলোর বর্তমানে অস্থির-তার পেছনে মূল কারণ হচ্ছে ছাত্র রাজনীতি। এ কারণেই ছাত্র রাজনীতি বন্ধ করা ছাড়া এখন আর অন্য কোন পথ খোলা নেই। একটি সমস্যা যখন গভীর সংকটে পড়ে তখন একটি শক্ত পদক্ষেপ নেয়া ছাড়া কোন বিকল্প থাকে না।

গত বুধবার নটর ডেম কলেজে নটর ডেম মানবিক সংঘ আয়োজিত নটর ডেম কলেজের কৃতী ছাত্রছাত্রীদের সংবর্ধনা অনুষ্ঠানে 'প্রথম আলো' সম্পাদক মতিউর রহমান এ কথা বলেন।

১৯৯৯ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় মেধা তালিকায় স্থান দখলকারী ছাত্রদের জন্য কলেজের 'মানিবক সংঘ' এ সংবর্ধনার আয়োজন করে। শুভেচ্ছা বক্তব্য রাখেন অধ্যাপক গাজী আজমল। সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ ফাদার বেঞ্জামিন কস্তা সিএসসি।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বাংলাদেশ সংবাদ সংস্থার (বাসস) প্রধান সম্পাদক ও ব্যবস্থাপনা পরিচালক হারুন হাবিব বলেন, শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে নৈতিক শিক্ষার পরিচর্যা করা উচিত।

নইলে সেখান থেকে শিক্ষার্থীরা নৈতিকতা শিখতে পারবে না। তিনি বলেন, সর্বগ্রাসী অনৈতিকতার প্রভাব থেকে দেশকে বাঁচানো প্রয়োজন।